# ২০১৯

# বাংলা — প্রথম ভাষা

## (নতুন পাঠক্রম)

কেবল ২০১৯ সালের প্রথম পরীক্ষার্থী এবং ২০১৭ ও ২০১৮ সালের প্রথমবার পরীক্ষায় অকৃতকার্য (কন্টিনিউয়িং, কম্পার্টমেন্টাল, বহিরাগত কম্পার্টমেন্টাল ও ই.ডব্লু.) পরীক্ষার্থীদের জন্য ।

সময় — ৩ ঘণ্টা ১৫ মিনিট

(প্রথম ১৫ মিনিট শুধু প্রশ্নপত্র পড়ার জন্য এবং বাকি ৩ ঘণ্টা উত্তর লেখার জন্য)

[নিয়মিত পরীক্ষার্থীদের জন্য **পূর্ণমান** — ৯০
বহিরাগত পরীক্ষার্থীদের জন্য **পূর্ণমান** — ১০০]

১. সঠিক উত্তরটি নির্বাচন করো : [১৭×১=১৭

১.১ তপনের মেসোমশাই কোন্ পত্রিকায় তপনের লেখা ছাপানোর কথা বলেছিলেন ?

(ক) ধ্রুবতারা

(খ) শুকতারা

(গ) সন্ধ্যাতারা

(ঘ) রংমশাল

১.২ "নদেরচাঁদকে পিষিয়া দিয়া চলিয়া গেল" —

(ক) ৭ নং ডাউন প্যাসেঞ্জার

(খ) ৫ নং ডাউন প্যাসেঞ্জার

(গ) ৭ নং আপ প্যাসেঞ্জার

(ঘ) ৫ নং আপ প্যাসেঞ্জার

১.৩ অপূর্বর পিতার বন্ধু হলেন —

(ক) জগদীশবাবু

(খ) রামদাস

(গ) নিমাইবাবু

(ঘ) গিরীশ মহাপাত্র

১.৪ "যেখানে ছিল শহর/সেখানে ছড়িয়ে রইল" — কী ছড়িয়ে রইল ?

(ক) পায়ের দাগ

(খ) কাঠকয়লা

(গ) গোলাপি গাছ

(ঘ) প্রাচীন জলতরঙ্গ

১·৫ আদিম যুগে স্রষ্টার কার প্রতি অসন্তোষ ছিল ?

(ক) দয়াময় দেবতার প্রতি

(খ) কবির সংগীতের প্রতি

(গ) নিজের প্রতি

(ঘ) ধরিত্রীর প্রতি

১·৬ কোন্‌টি জয় গোস্বামীর লেখা কাব্যগ্রন্থ ?

(ক) বাবরের প্রার্থনা

(খ) অগ্নিবীণা

(গ) রূপসী বাংলা

(ঘ) পাতার পোষাক

১·৭ রাজশেখর বসুর ছদ্মনাম —

(ক) বনফুল

(খ) শ্রীপান্থ

(গ) পরশুরাম

(ঘ) রূপদর্শী

১.৮ "বাংলা বৈজ্ঞানিক প্রবন্ধাদিতে আর একটি দোষ" প্রসঙ্গো প্রাবন্ধিক কোন্ প্রবাদের উল্লেখ করেছেন ?

(ক) অরণ্যে রোদন

(খ) অল্পবিদ্যা ভয়ংকরী

(গ) হাতের পাঁচ

(ঘ) হ-য-ব-র-ল

১.৯ চিনারা চিরকালই লেখার জন্য ব্যবহার করে আসছে —

(ক) তুলি

(খ) ব্রোঞ্জের শলাকা

(গ) হাড়

(ঘ) নল-খাগড়া

১.১০ ক্রিয়াপদের সঙ্গো নামপদের সম্পর্ককে বলে —

(ক) সমাস

(খ) কারক

(গ) প্রত্যয়

(ঘ) বিভক্তি

১·১১ 'কথাটা শুনে তপনের চোখ মার্বেল হয়ে গেল' — নিম্নরেখ পদটি —

(ক) সম্বোধন পদ

(খ) কর্তৃকারক

(গ) সম্বন্ধ পদ

(ঘ) নিমিত্তকারক

১·১২ যে সমাসে সমাস্যমান পদ দুটির উভয় পদই বিশেষ্য ও পরপদের অর্থ প্রাধান্য পায়, তাকে বলে —

(ক) তৎপুরুষ সমাস

(খ) কর্মধারয় সমাস

(গ) দ্বন্দ্ব সমাস

(ঘ) অব্যয়ীভাব সমাস

১·১৩ কৃত্তিবাস রামায়ণ রচনা করেন — নিম্নরেখ পদটি কোন্ সমাসের উদাহরণ ?

(ক) কর্মধারয় সমাস

(খ) তৎপুরুষ সমাস

(গ) বহুব্রীহি সমাস

(ঘ) দ্বন্দ্ব সমাস

১·১৪ 'আমাদের মধ্যে যারা ওস্তাদ তারা ওই কালো জলে হরতকী ঘষত।' — বাক্যটি কোন্ শ্রেণির ?

(ক) সরল বাক্য

(খ) জটিল বাক্য

(গ) যৌগিক বাক্য

(ঘ) মিশ্র বাক্য

১·১৫ বেড়ালের গলায় ঘণ্টা বাঁধবে কে — অর্থগত দিক থেকে এটি —

(ক) না-সূচক বাক্য

(খ) সন্দেহবাচক বাক্য

(গ) প্রশ্নবাচক বাক্য

(ঘ) প্রার্থনাসূচক বাক্য

১·১৬ ক্রিয়ার অর্থ প্রাধান্য পায় —

(ক) কর্তৃবাচ্যে

(খ) ভাববাচ্যে

(গ) কর্মবাচ্যে

(ঘ) কর্ম-কর্তৃবাচ্যে

১·১৭ তাকে টিকিট কিনতে হয়নি — বাক্যটির কর্তৃবাচ্যের রূপ হল —

(ক) তার টিকিট কেনা হয়নি

(খ) তিনি টিকিট কেনেননি

(গ) তাঁর দ্বারা টিকিট ক্রীত হয়নি

(ঘ) তিনি বিনা টিকিটে চলেছেন

২. কম-বেশি **২০টি** শব্দে প্রশ্নগুলির উত্তর দাও : [১৯×১=১৯

২.১ যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : [৪×১=৪

২·১·১ 'অদল-বদলের গল্প' গ্রাম প্রধানের কানে গেলে তিনি কী ঘোষণা করেছিলেন ?

২·১·২ "সপ্তাহে বড়োজোর একটা দিন বহুরূপী সেজে পথে বের হন হরিদা" — 'বহুরূপী' কাকে বলে ?

২·১·৩ ভামো যাত্রায় ট্রেনে অপূর্বের কে কে সঙ্গী হয়েছিল ?

২·১·৪ "সূচিপত্রেও নাম রয়েছে" — সূচিপত্রে কী লেখা ছিল ?

২·১·৫ মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রকৃত নাম কী ?

২·২ যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : [৪×১=৪

২·২·১ "ছড়ানো রয়েছে কাছে দূরে !" — কী ছড়ানো রয়েছে ?

২·২·২ "ছদ্মবেশী অম্বুরাশি-সুতা" কেন ইন্দ্রজিতের কাছে এসেছিলেন ?

২·২·৩ "সখী সবে আজ্ঞা দিল" — বক্তা তার সখীদের কী আজ্ঞা দিয়েছিলেন ?

২·২·৪ 'অসুখী একজন' কবিতাটি কে বাংলায় তরজমা করেছেন ?

২·২·৫ "প্রলয় বয়েও আসছে হেসে" — 'প্রলয়' বহন করেও হাসির কারণ কী ?

২·৩ যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : [৩×১=৩

২·৩·১ "সোনার দোয়াত কলম যে সত্যই হতো" তা লেখক কীভাবে জেনেছিলেন ?

২·৩·২ দোকানদার লেখককে কলম বিক্রি করার আগে কী জাদু দেখিয়েছিলেন ?

২·৩·৩ ছেলেবেলায় রাজশেখর বসু কার লেখা জ্যামিতি বই পড়তেন ?

২·৩·৪ কলিকাতা বিশ্ববিদ্যালয় কবে পরিভাষা সমিতি নিযুক্ত করেছিলেন ?

২·৪ যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও : [৮×১=৮

২·৪·১ বিভক্তি ও অনুসর্গের একটি পার্থক্য লেখো ।

২·৪·২ '<u>মন্দিরে</u> বাজছিল পূজার ঘণ্টা' — নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো ।

২·৪·৩ ব্যাসবাক্যসহ একটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ দাও ।

২·৪·৪ 'মেঘে ঢাকা' শব্দটির ব্যাসবাক্যসহ সমাসের নাম উল্লেখ করো ।

২·৪·৫ বিধেয় প্রসারকের একটি উদাহরণ দাও ।

২·৪·৬ 'ঠিক ইসাবের মতো জামাটি না পেলে ও স্কুলে যাবে না ।' — যৌগিক বাক্যে পরিবর্তন করো ।

২·৪·৭ কর্তৃবাচ্য কাকে বলে ?

২·৪·৮ 'তারা আর স্বপ্ন দেখতে পারল না।' — ভাববাচ্যে পরিবর্তন করো।

২·৪·৯ অলোপ সমাস কী ?

২·৪·১০ সে তখন যেতে পারবে না — হ্যাঁ-বাচক বাক্যে পরিবর্তন করো।

৩. প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি **৬০টি** শব্দে উত্তর দাও : [৩+৩=৬

৩·১ যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [১×৩=৩

৩·১·১ "যে ভয়ংকর আহ্লাদটা হবার কথা, সে আহ্লাদ খুঁজে পায় না।" — 'আহ্লাদ' হবার কথা ছিল কেন ? 'আহ্লাদ খুঁজে' না পাওয়ার কারণ কী ? [১+২

৩·১·২ "নিজের এই পাগলামিতে যেন আনন্দই উপভোগ করে।" — কার কথা বলা হয়েছে ? তার 'পাগলামিটি' কী ? [১+২

৩·২ যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [১×৩=৩

৩·২·১ ''অতি মনোহর দেশ'' — এই 'মনোহর দেশে'র সৌন্দর্যের পরিচয় দাও। [৩

৩·২·২ ''অস্ত্র ফ্যালো, অস্ত্র রাখো'' — কবি কোথায় অস্ত্র রাখতে বলেছেন ? তাঁর একথা বলার কারণ কী ? [১+২

৪. কম-বেশি **১৫০** শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [৫

৪·১ 'নদীর বিদ্রোহ' গল্প অবলম্বনে নদীর প্রতি নদেরচাঁদের অকৃত্রিম ভালবাসার পরিচয় দাও।

৪·২ ''অদৃষ্ট কখনও হরিদার এই ভুল ক্ষমা করবে না।'' — হরিদা কী ভুল করেছিলেন ? অদৃষ্ট ক্ষমা না করার পরিণাম কী ? [৩+২

৫. কম-বেশি **১৫০** শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [৫

৫·১ ''চিরচিহ্ন দিয়ে গেল তোমার অপমানিত ইতিহাসে।'' — 'তোমার' বলতে কার কথা বলা হয়েছে ? তার 'অপমানিত ইতিহাসে'র সংক্ষিপ্ত পরিচয় দাও। [১+৪

৫·২ ''অস্ত্রের বিরুদ্ধে গান'' কবিতার মূল বক্তব্য নিজের ভাষায় লেখো। [৫

[পরের পাতায়

৬. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [৫

৬.১ "আমরা কালিও তৈরি করতাম নিজেরাই।" — কারা কালি তৈরি করতেন ? তাঁরা কীভাবে কালি তৈরি করতেন ? [১+৪

৬.২ "পাশ্চাত্য দেশের তুলনায় এদেশের জনসাধারণের বৈজ্ঞানিক জ্ঞান নগণ্য।" — লেখকের এমন মন্তব্যের কারণ কী ? [৫

৭. কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [৪

৭.১ "বাংলার এই দুর্দিনে আমাকে ত্যাগ করবেন না।" — কাদের উদ্দেশ্যে এ কথা বলা হয়েছে ? কোন্ দুর্দিনের জন্য তাঁর এই আবেদন ? [১+৩

৭.২ "ওখানে কী দেখছ মূর্খ, বিবেকের দিকে চেয়ে দ্যাখো !" — বক্তা কে ? উদ্দিষ্ট ব্যক্তির প্রতি বক্তার কী মনোভাব লক্ষ্য করা যায় ? [১+৩

৮. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : [২×৫=১০

৮·১ "আপনি আমার থেকে চার হাজার গুণ বড়োলোক, কিন্তু চার লক্ষ টাকা খরচ করেও আপনি নিজে শরীরটাকে চাকর বানাতে পারবেন না।" — বক্তা কাকে, কেন একথা বলেছিলেন ? [১+৪

৮·২ "এটা বুকের মধ্যে পুষে রাখুক।" — কী পুষে রাখার কথা বলা হয়েছে ? কী কারণে এই পুষে রাখা ? [২+৩

৮·৩ 'কোনি' উপন্যাসের কাহিনি অবলম্বনে স্বামীর যোগ্য সহধর্মিণী রূপে লীলাবতীর পরিচয় দাও। [৫

৯. চলিত গদ্যে বঙ্গানুবাদ করো : [৪

One day a fox was going beside the vine yard. He saw the ripe grapes hanging from a vine. He jumped but did not reach it. Because they were beyond his reach.

১০. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [৫

১০·১ বৃক্ষরোপণ-উপযোগিতা বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা করো ।

১০·২ বিদ্যালয়ের একটি সাংস্কৃতিক অনুষ্ঠান বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো ।

১১. কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা করো : [১০

১১·১ বিজ্ঞান ও কুসংস্কার

১১·২ তোমার প্রিয় ঋতু

১১·৩ ছুটির দিন

১১·৪ বিশ্ব-উষ্ণায়ন

# [কেবল বহিরাগত পরীক্ষার্থীদের জন্য]

১২. কম-বেশি ২০টি শব্দের মধ্যে উত্তর দাও (যে-কোনো **চারটি**) : [৪×১=৪

১২·১ "রত্নের মূল্য জহুরির কাছেই।" — কোন্ রত্নের কথা বলা হয়েছে ?

১২·২ গিরীশ মহাপাত্রের পকেট থেকে কী কী পাওয়া গিয়েছিল ?

১২·৩ নদেরচাঁদের দেশের নদীটি কেমন ছিল ?

১২·৪ "এল মানুষ-ধরার দল" — কীসের জন্য 'মানুষ-ধরার দল' এলো ?

১২·৫ "আসবে ঊষা অরুণ হেসে" — 'ঊষা' কখন আসবে ?

১৩. কম-বেশি ৬০টি শব্দের মধ্যে যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : [২×৩=৬

১৩·১ "ইসাবের মেজাজ চড়ে গেল" — ইসাবের মেজাজ চড়ে গিয়েছিল কেন ? এর পর সে কী করেছিল ? [২+১

১৩·২ "কৈ এ ঘটনা তো আমাকে বলেন নি ?" — প্রশ্নটি কার ? 'ঘটনা'টি কী ছিল ? [১+২

১৩·৩ "ছিঁড়িল কুসুমদাম রোষে মহাবলী মেঘনাদ" — 'মহবলী মেঘনাদ' কী কারণে 'কুসুমদাম' ছিঁড়লেন তা' বুঝিয়ে দাও। [৩

# ২০১৯

# বাংলা — প্রথম ভাষা

## (পুরাতন পাঠক্রম)

| |
|---|
| ২০১৭ সালের আগে অকৃতকার্য (কন্টিনিউয়িং, কম্পার্টমেন্টাল, বহিরাগত কম্পার্টমেন্টাল ও ই.ডব্লু.) পরীক্ষার্থীদের জন্য। |

সময় — ৩ ঘণ্টা ১৫ মিনিট

(প্রথম ১৫ মিনিট শুধু প্রশ্নপত্র পড়ার জন্য এবং বাকি ৩ ঘণ্টা উত্তর লেখার জন্য)

কম্পার্টমেন্টাল ও কন্টিনিউয়িং পরীক্ষার্থীদের জন্য

পূর্ণমান — ৯০

বহিরাগত কম্পার্টমেন্টাল ও ই.ডব্লু. পরীক্ষার্থীদের জন্য

পূর্ণমান — ১০০

## 'ক' বিভাগ

১. প্রতিটি প্রশ্নের উত্তর অনধিক **তিনটি** বাক্যে লিখে যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : [২×২=৪

১·১ "থাকতে নারি দেখে শুনে সুন্দরের এই হীন অপমান।" — কবির এই প্রতিক্রিয়ার কারণ কী ?

১·২ "বড়োই বাসনা হল"

— কার কী বাসনা হয়েছিল ?

১·৩ "ঘুঙুরের মতো তার কেঁদেছিল পায়"

— কারা কখন কেঁদেছিল ?

১·৪ "হে রক্ষোরথি, ভুলিলে কেমনে"

— উদ্দিষ্ট ব্যক্তি কী ভুলেছিলেন ?

২. প্রতিটি প্রশ্নের উত্তর কম-বেশি পাঁচটি বাক্যে লিখে যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : [২×৩=৬

২·১ "শয়তানদের মন্ত্রণাগার" বলতে কবি নজরুল কী বুঝিয়েছেন ? সেগুলি ভাঙার জন্য কবি কার আবির্ভাব প্রত্যাশা করেছেন ? [২+১

২·২ "বাংলার অপরূপ রূপ দেখেছিল"

— 'অপরূপ রূপ' কে দেখেছিল ? এ রূপের পরিচয় দাও । [১+২

২·৩ "ওটা দিতে হবে ।"

— কী দিতে হবে ? 'ওটা' পেলে বক্তার কী সুবিধে হয় ? [১+২

২·৪ "চোখে পড়ছে না যদিও, তবু আছে"

— কী চোখে পড়ছে না ? 'তবু তা আছে' — এমন মনে করার কারণ কী ? [১+২

৩. কম-বেশি **বারোটি** বাক্যে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [১×৮=৮

৩·১ 'দুই বিঘা জমি' কবিতার জমিদার চরিত্রটির বৈশিষ্ট্য আলোচনা করো ।

৩·২ 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতায় কবির জন্মভূমির প্রতি যে মনোভাব প্রকাশ পেয়েছে তা লেখো ।

৪. উৎস-নির্দেশ করে যে-কোনো **একটি** টীকা অনধিক **চারটি** বাক্যে লেখো : [১×২=২

৪·১ নির্বোধ স্তাবক

৪·২ লঙ্কার কলঙ্ক

৪·৩ জননী বঙ্গভূমি

৪·৪ ভোরের দোয়েল পাখি

৫. কম-বেশি **দশটি** বাক্যে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [১×৫=৫

৫·১ ‘চিঠি’ কবিতা অবলম্বনে সরলার মা-র দেশপ্রেমের পরিচয় দাও। অন্যদের তুলনায় সরলার মা-র দেশপ্রেমকে কবির আলাদা মনে হয়েছে কেন ? [৩+২

৫·২ ‘লোহার ব্যথা’ কবিতায় কবি কীভাবে খেটে খাওয়া মানুষের ব্যথাকে তুলে ধরেছেন ? এই ব্যথা প্রকাশ করতে তিনি কী ভাবে রূপকের ব্যবহার করেছেন ? [৩+২

৬. নিম্নলিখিত যে-কোনো **একটি** বিষয়ে অনধিক ৪০০ শব্দের মধ্যে প্রবন্ধ লেখো : [১৫

৬·১ বিজ্ঞানের ভালো-মন্দ

৬·২ তোমার জীবনের লক্ষ্য

৬·৩ পরিবেশ দূষণ ও তার প্রতিকার

৬·৪ বাংলার ঋতু বৈচিত্র

৭. চলিত গদ্যে বঙ্গানুবাদ করো : [৫

My daily life is very simple. I get up from bed at dawn, and after washing my hands and face I pray to God for half an hour. Then I sit down to read. At about 7 O'clock I take bread and butter.

## 'খ' বিভাগ

৮. প্রতিটি উত্তর অনধিক **তিনটি** বাক্যে লিখে যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : [২×২=৪

৮.১ "নিশ্বাস তো এদিকে বন্ধ হয়ে আসে"
— নিশ্বাস বন্ধ হয়ে আসার কারণ কী ?

৮.২ "কুটিরস্বামীকে বলিলেন, তুমি আমায় আমার আলয়ে পঁহুছাইয়া দাও ।"
— বক্তার এই কথার উত্তরে 'কুটিরস্বামী' কী বলেছিলেন ?

৮.৩ "হায়, সে-বট এখন কোথায় !"
— কোন্ বটের কথা বলা হয়েছে ?

৮.৪ "মনে করেছে কাঙালের আস্পর্ধা ।"
— কোন্ কাজকে 'কাঙালের আস্পর্ধা' মনে করেছে ?

৯. প্রতিটি উত্তর কম-বেশি **পাঁচটি** বাক্যে লিখে যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : [২×৩=৬

৯·১ "কানা ফকিরে কলেরা চালান দিছে ।"

— কে বলেছে ? কানা ফকির কেমন করে কলেরা চালান দিয়েছে ? [১+২

৯·২ "কী অদ্ভুত ধরনের ভীষণ সুন্দর দৃশ্য" —

কোন্ দৃশ্যের কথা বলা হয়েছে ? দৃশ্যটি 'ভীষণ সুন্দর' কেন ? [১+২

৯·৩ "জামায় পকেট-যোজনা অনাবশ্যক মনে করিলে দুঃখ বোধ করিতাম ।"

— কে জামায় 'পকেট-যোজনা' অনাবশ্যক মনে করত ? সেজন্য বক্তা দুঃখ বোধ করতেন কেন ? [১+২

৯·৪ "বাপ ছেলেতে খুব বেধেছিল ।"

— কী নিয়ে বাপ ছেলেতে বেধেছিল ? তখন গৌরবি কী বলেছিল ? [২+১

১০. কম-বেশি **বারোটি** বাক্যে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [১×৮=৮

১০·১ 'ছেঁড়া তার' অবলম্বনে রহিম চরিত্রের যন্ত্রণার পরিচয় দাও ।

১০·২ 'হারুন সালেমের মাসি' গল্প অবলম্বনে গৌরবির মাতৃরূপের পরিচয় দাও ।

১১. উৎস-নির্দেশ করে যে-কোনো **একটি** টীকা অনধিক **চারটি** বাক্যে লেখো : [১×২=২

১১·১ দিলরুবা

১১·২ হেমলক

১১·৩ খড়ির গণ্ডি

১১·৪ প্রাইভেট বাসের টিকিটবাবু

১২. কম-বেশি **দশটি** বাক্যে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [১×৫=৫

১২·১ 'দেবতার জন্ম' গল্পে লেখক 'দেবতার জন্ম' বলতে কী বুঝিয়েছেন ? গল্পে কী ভাবে হাস্যরসের সৃষ্টি হয়েছে ? [২+৩

১২·২ 'অসহযোগী' গল্পে হর্ষনাথের পরিচয় দাও । গল্পটির নামকরণের তাৎপর্য ব্যাখ্যা করো । [৩+২

১৩. যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : [৩×২=৬

১৩·১ নীচের বাক্যগুলিতে যে-সব সন্ধিবদ্ধ পদ আছে, তাদের সন্ধি-বিচ্ছেদ করো (যে-কোনো **দু'টি**) : [২×১=২

১৩·১·১ কোথায় আমার যুগান্তরের খড়্গপানি ।
[পথের দিশা]

১৩·১·২ কারও মনে সংস্কার, কারও ভয় ।
[উলঙ্গ রাজা]

১৩·১·৩ অসম্ভব দুশ্চিন্তা হল গৌরবির ।
[হারুন সালেমের মাসি]

১৩·১·৪ রাঙা হয়ে উঠেছে সমস্ত দিগন্ত ।
[অগ্নিদেবের শয্যা]

[পরের পাতায়

১৩.২ নীচের বাক্যগুলিতে যে-সব সমাসবদ্ধ পদ আছে, তাদের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো (যে-কোনো দু'টি) : [২×১=২

১৩.২.১ জনম তব কোন্ মহাকুলে ?

[বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ]

১৩.২.২ শটিবনে তাহাদের ছায়া পড়িয়াছে।

[বাংলার মুখ আমি দেখিয়াছি]

১৩.২.৩ ধনীর সঙ্গে নির্ধনের পার্থক্য ছিল না।

[ঘর ও বাহির]

১৩.২.৪ মাঝে-মধ্যে আমি খবর দিব।

[হারুন সালেমের মাসি]

১৩.৩ নীচের চিহ্নিত পদগুলির অন্বয়গত পরিচয় দিয়ে বিভক্তি/অনুসর্গ নির্দেশ করো (যে-কোনো দুটি) :

[২×১=২

১৩.৩.১ করে কেলি রাজহংস পঙ্কজ কাননে।

[বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ]

১৩·৩·২ রে অগ্রদূত, চলতে কি তুই পারবি আপন প্রাণ বাঁচিয়ে ? [পথের দিশা]

১৩·৩·৩ তাহা রামায়ণে পড়িয়াছিলাম।
[ঘর ও বাহির]

১৩·৩·৪ ধূসর বর্ণের ছাই আকাশ থেকে পড়ছে।
[অগ্নিদেবের শয্যা]

১৩·৪ নির্দেশ অনুসারে রূপান্তর করো (যে-কোনো দু'টি) :
[২×১=২

১৩·৪·১ আজ্ঞা করো দাসে, শাস্তি নরাধমে।
[বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ] (লেখ্য গদ্যে)

১৩·৪·২ এ জমি লইব কিনে।
[দুই বিঘা জমি] (চলিত গদ্যে)

১৩·৪·৩ আপনার পরিচর্যার নিয়োজিত হইবে।
[সভ্য ও অসভ্য] (কর্তৃবাচ্যে)

১৩·৪·৪ দুটো ভাত দে নিবারণ।
[হারুন সালেমের মাসি] (ভাববাচ্যে)

১৩·৫ নীচের বাক্যগুলির ক্রিয়াপদের 'প্রকার' নির্ণয় করো (কাল-নির্দেশ নিষ্প্রয়োজন) (যে-কোনো **দু'টি**) :

[২×১=২

১৩·৫·১ বুঝি এতখনে আমারে চিনিল মাতা।

[দুই বিঘা জমি]

১৩·৫·২ আমাদের চটিজুতা এক জোড়া থাকিত।

[ঘর ও বাহির]

১৩·৫·৩ ওর কপালে থাকে মরবে।

[হারুন সালেমের মাসি]

১৩·৫·৪ গল্পটা সবাই জানে। [উলঙ্গ রাজা]

১৩·৬ নীচের চিহ্নিত ক্রিয়াপদগুলি গঠনগত দিক থেকে কী ধরনের তা নির্ণয় করো (যে-কোনো **দু'টি**) :

[২×১=২

১৩·৬·১ মুকুন্দ জুতো <u>মশমশিয়ে</u> চলে গেল।

[হারুন সালেমের মাসি]

১৩·৬·২ <u>মজাইলা</u> এ কনক লঙ্কা।

[বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ]

১৩·৬·৩ গৌরবি হারাকে দেখে পাগলের মতো <u>তেড়ে গেল</u> । [হারুন সালেমের মাসি]

১৩·৬·৪ <u>করতেছে</u> ভাগ-বাঁটোয়ারা ।

[পথের দিশা]

১৪. নির্দেশ অনুসারে উত্তর দাও : [১৪

১৪·১ যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [১×৫=৫

১৪·১·১ 'সাপেক্ষ অব্যয়' ও 'সাপেক্ষ শব্দজোড়' -এর পার্থক্য বুঝিয়ে দাও । উভয়ের একটি করে উদাহরণ দাও । [৩+২

১৪·১·২ 'সন্ধি' কাকে বলে ? দুটি করে উদাহরণ দিয়ে 'স্বরসন্ধি' ও 'ব্যঞ্জনসন্ধি' বুঝিয়ে দাও । [১+২+২

১৪·২ যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : [৩×৩=৯

১৪·২·১ বাক্যের মাধ্যমে প্রয়োগ দেখাও (যে-কোনো **তিনটি**) : [৩×১=৩

**অকর্মক ক্রিয়া, কর্মকর্তৃবাচ্য, ঘটমান অতীত, বর্তমান অনুজ্ঞা, ঐতিহাসিক বর্তমান ।**

১৪·২·২ নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করো (যে-কোনো **তিনটি**) : [৩×১=৩

১৪·২·২·১ আর কি কোথায় ফিরে পাব সে-জীবন । [নির্দেশক বাক্যে]

১৪·২·২·২ থলিতে চাল সামান্যই ছিল। [না-বাচক বাক্যে]

১৪·২·২·৩ গৃহস্বামীর সন্নিধানে গিয়া সে আপন অবস্থা জানাইল । [যৌগিক বাক্যে]

১৪·২·২·৪ মানুষের জানটাও বাজাটারে মতো । [প্রশ্নবোধক বাক্যে]

১৪·২·২·৫ মাঝ রাতে শংকরের ঘুম ভেঙে গেল । [জটিল বাক্যে]

১৪·২·৩ বাক্যে প্রয়োগ দেখাও (যে-কোনো **তিনটি**) : [৩×১=৩

**প্রশ্নসূচক অব্যয়; আবেগসূচক অব্যয়; আলংকারিক অব্যয়; সংকোচক অব্যয়; সম্বোধনসূচক অব্যয়; সম্মতিসূচক অব্যয় ।**

১৪·২·৪ নীচের শব্দদ্বৈতগুলি কী কী অর্থে ব্যবহৃত হয়েছে লেখো (যে-কোনো **তিনটি**) : [৩×১=৩

১৪·২·৪·১ তলে তলে এত বুদ্ধি ।

১৪·২·৪·২ গ্রামে গ্রামে খবর ছড়িয়ে পড়ল ।

১৪·২·৪·৩ দলে দলে মানুষ বিচারের আশায় দাঁড়িয়ে আছে ।

১৪·২·৪·৪ বছর বছর ব্যর্থ হলেও এবার সফল হব ।

১৪·২·৪·৫ কলসির জল কানায় কানায় ।

১৪·২·৫ নীচের বাক্যগুলি শুদ্ধ করে আবার লেখো (যে-কোনো **তিনটি**) : [৩×১=৩

১৪·২·৫·১ সব ছেলেরা রাজী হয়েছে ।

১৪·২·৫·২ পূর্বদিকে সূর্য উদয় হয় ।

১৪·২·৫·৩ ক্রমে ক্রমে একটু একটু করে কাজ করো ।

১৪·২·৫·৪ ফুরফুরে মাঠের হাওয়ায় আরাম পেলাম ।

১৪·২·৫·৫ তিনি অন্তর্ধান হলেন ।

## [কেবল বহিরাগত পরীক্ষার্থীদের জন্য]

১৫. কম-বেশি **দশটি** বাক্যে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : [১×৫=৫

১৫·১ 'বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ' কাব্যাংশে ইন্দ্রজিৎ কী কারণে বিভীষণকে ধিক্কার দিয়েছেন ? [৫

১৫·২ "নেমেছে গল্পের রাজা বাস্তবের প্রকাশ্য রাস্তায়" — গল্পের রাজার প্রকাশ্য বাস্তবের রাস্তায় নামার তাৎপর্য বুঝিয়ে দাও । [৫

১৬. কম-বেশি দশটি বাক্যে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

[১×৫=৫

১৬·১ ‘সভ্য ও অসভ্য’ গল্প অবলম্বনে দুটি চরিত্রের মধ্যে কে প্রকৃত সভ্য তা বিচার করো । [৫

১৬·২ ‘অগ্নিদেবের শয্যা’ কাহিনিতে অগ্ন্যুৎপাতের যে বর্ণনা রয়েছে তা সংক্ষেপে লেখো । [৫

———